শাফিন আহমেদের নতুন গান ‘মগ্ন ছিলাম’

নতুন গান নির্মাণ করেছেন সংগীতজ্ঞ শাফিন আহমেদ। গানটির নাম ‘ মগ্ন ছিলাম’। কবি মহাদেব সাহার কবিতা থেকে গানটির রচনা, সুর ও সংগীত পরিচালনা করেছেন শাফিন নিজেই।

তবে গানটিতে কণ্ঠ দিয়েছেন অন্য একজন শিল্পী। তার নাম তাশফী। আগামী ঈদ উপলক্ষে প্রকাশ হচ্ছে গানটি।

গানটি প্রথম রেকর্ড হয়েছিল ৯০ দশকের শেষ দিকে। শাফিন আহমেদ নিজেই গেয়েছিলেন গানটি। সম্প্রতি ক্যান্ডি রেকর্ডিং স্টুডিওতে সম্পন্ন হয়েছে গানটির রেকর্ড। গানটি মুক্তি পাচ্ছে ডাবল বেস প্রোডাকশনস থেকে।

গান সম্পর্কে শাফিন আহমেদ বলেন, ‘তাশফীর চমৎকার গায়কী ও নিজস্বতায় গানটি এক ভিন্ন অনুভূতির সৃষ্টি করেছে, আশা করছি গানটি সবাই পছন্দ করবে। গানটি শোনার আমন্ত্রন রইল।’

জানা গেছে, আগামী ২১ এপ্রিল ইউটিউবে মুক্তি পাবে ‘মগ্ন ছিলাম’ নামের নতুন এই গানটি।

সূত্র: যুগান্তর

হাসপাতালে ভর্তি মধুমিতা

হাসপাতালে ভর্তি হয়েছেন কলকাতার জনপ্রিয় অভিনেত্রী মধুমিতা সরকার। সোমবার (১৭ এপ্রিল) সকালে সামাজিক যোগাযোগ মাধ্যমে নিজের অসুস্থতার কথা জানিয়ে একটি ছবি পোস্ট করেছেন মধুমিতা। সেই ছবিতে দেখা যায়, হাসপাতালের বিছানায় শুয়ে আছেন অভিনেত্রী। চোখে হাই পাওয়ারের চশমা। হাতে ড্রিপ। বালিশের পাশে বই রাখা। ছবির পোস্টে তিনি লিখেছেন, ‘মারাত্মক একটা কিছু হয়েছিলো। কিন্তু ভালোভাবে সেরে উঠেছি। আপনাদের ভালবাসার জন্য ধন্যবাদ।’

ভারতীয় সংবাদমাধ্যম আনন্দবাজারের প্রতিবেদন অনুযায়ী জানা যায়, অ্যাপেন্ডিক্সে অপারেশন করা হয়েছে মধুমিতার। কয়েকদিন ধরেই পেটে ব্যথা হচ্ছিলো। সেই নিয়েই চলছিলো শুটিং। পরে ডাক্তারের কাছে গেলে অ্যাপেন্ডিসাইটিস ধরা পড়ে। রোববার অপারেশন হয়েছে এই অভিনেত্রী। আপাতত হাসপাতালেই রয়েছেন তিনি।

এ বিষয়ে মধুমিতা বললেন, ‘রক্তে সংক্রমণ বেড়ে গিয়েছিলো। কিন্তু অপারেশন হয়ে গিয়েছে। ঈশ্বরের আশীর্বাদে এখন ভালো আছি।’

আগামী কয়েকদিন হাসপাতালেই থাকতে হবে মধুমিতাকে। বাড়ি ফিরেও বিশ্রামে থাকবেন কয়েকদিন। তার পর আবার শুটিং ফ্লোরে ফিরবেন তিনি।

বর্তমানে ‘চিনি ২’ সিনেমার শুটিংয়ের কাজে ব্যস্ত আছেন মধুমিতা। ২০২০ সালে মুক্তি পেয়েছিলো চিনি। এবারেও পরিচালনার দায়িত্বে রয়েছেন মৈনাক ভৌমিক। জানিয়েছেন, এটা কোনো সিক্যুয়েল বা প্রিক্যুয়েল নয়। বরং এখানেও ধরা পড়বে বন্ধুত্বের এক মিষ্টি কাহিনী।

সোমবার (১৭ এপ্রিল) নেটদুনিয়ায় অভিনেত্রীর অসুস্থতার খবর ছড়িয়ে পড়তেই চিন্তায় পড়েন তার ভক্ত-অনুরাগীরা। এখন দ্রুত অভিনেত্রীর সেরে ওঠার অপেক্ষায় দিন গুনছেন তারা।

সূত্র: আনন্দবাজার

ঈদে হানিফ সংকেতের ‘বাড়িঘর আপন পর’

প্রতি ঈদেই ‘ইত্যাদি’র পাশাপাশি বরেণ্য নির্মাতা হানিফ সংকেত একটি নাটক নির্মাণ করেন। এবারও তার ব্যতিক্রম হচ্ছে না। তার এবারের ঈদ নাটকের নাম ‘বাড়িঘর আপন পর’। নাটকটি প্রচারিত হবে ঈদের দিন রাত ৮টা ৫০ মিনিটে এটিএন বাংলায়।

হানিফ সংকেতের ঈদ নাটকের নামে যেমন ভিন্নতা থাকে গল্পেও থাকে

তেমনি আলাদা স্বাদ ও বৈচিত্র্য। পাশাপাশি থাকে একটি সামাজিক বক্তব্য। তাই হানিফ সংকেতের নাটক দেখার জন্য দর্শকদের বাড়তি আকর্ষণ থাকে। নাটকটি ধারণ করা হয়েছে ঢাকার মিরপুরে অবস্থিত ফাগুন অডিও ভিশনের নিজেস্ব শুটিংস্পটে।

একজন নারী কখনও একজন মা, একজন অভিভাবক, একজন স্ত্রী, একজন উপার্জনশীল ব্যক্তি, একজন দায়িত্বশীল কর্মকর্তা, একজন ভালো বন্ধু। কিন্তু তারপরও অধিকাংশ ক্ষেত্রে তাকে সব সময় সব কিছুতেই আপোস করে চলতে হয়। হতে পারে সেটা সংসার জীবনে, কর্মক্ষেত্রে, কিংবা ব্যক্তিগত জীবনে। সদ্য বিবাহিতা একজন নারীর সামাজিক অবস্থান এবং তার মনে জেগে ওঠা কিছু প্রশ্ন নিয়ে গড়ে উঠেছে ‘বাড়িঘর আপন পর’ নাটকের কাহিনি।

নাটকটির বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন আবুল হায়াত, দিলারা জামান, শহীদুজ্জামান সেলিম, মীর সাব্বির, তারিন জাহান, আব্দুন নূর সজল, লুত্ফর রহমান জর্জ, সুভাশিষ ভৌমিক ও নজরুল ইসলাম। নাটকের সূচনা সংগীতের কথা লিখেছেন মোহাম্মদ রফিকউজ্জামান, সুর করেছেন হানিফ সংকেত, সংগীতায়োজন করেছেন মেহেদী এবং কণ্ঠ দিয়েছেন পুলক ও রিয়াদ।

উল্লেখ্য, ঈদের নাটকের ভিড়ে সবাইকে সব চ্যানেলে একাধিকবার দেখা গেলেও ঈদের দিন হানিফ সংকেতের নাটক দেখা যায় শুধুমাত্র একটি চ্যানেলে। কারণ প্রতিবছর দুই ঈদে দুটি নাটক নির্মাণ করেন তিনি এবং সেটি দীর্ঘ দেড় দশক ধরে শুধুমাত্র এটিএন বাংলাতেই প্রচারিত হয়ে আসছে। বছরে মাত্র দুটি নাটক আর সেগুলো পারিবারিক গল্প, শিক্ষণীয় ও বক্তব্যধর্মী হওয়ায় দর্শকদের আগ্রহ এবং প্রত্যাশাও থাকে লক্ষণীয়। এবারও সেই ধারাবাহিকতা থাকবে বলেও মনে করছেন নাটকটির সংশ্লিষ্টরা।

সূত্র: ইত্তেফাক

নতুন বিতর্কের মুখে স্বস্তিকার ‘শিবপুর’

স্বস্তিকা মুখোপাধ্যায় অভিনীত ‘শিবপুর’ ছবি নিয়ে বিতর্ক বেড়েই চলেছে। ছবির অন্যতম প্রযোজক সন্দীপ সরকারের বিরুদ্ধে স্বস্তিকার অভিযোগ দিয়েই বিতর্কের সূত্রপাত। স্বস্তিকা অভিযোগ করেছিলেন ই-মেইলে তার নগ্ন ছবির নমুনা পাঠিয়েছিলেন সন্দীপ। এই অভিযোগ নিয়ে পুলিশ এবং ইম্পার দারস্থও হয়েছিলেন স্বস্তিকা।

তবে এবার নতুন বিতর্ক হল এই ছবির আরেক প্রযোজক অজন্তা সিং রায় জানান, সব গণ্ডগোলের শুরু ছবির পরিচালক অরিন্দম ভট্টাচার্যর হাত ধরেই! আর তাই অজন্তা চারু মার্কেট থানায় অরিন্দমের নামে অভিযোগ দায়ের করেছেন।

সংবাদ মাধ্যমকে শিবপুর ছবির অন্যতম প্রযোজক অজন্তা জানান, এই ছবি থেকে নিজের নাম সরিয়ে নিয়েছেন সন্দীপ। তিনি সংবাদ মাধ্যমকে আরও জানান, ‘সন্দীপ নিজে ইমেলগুলো পাঠান নি। পাঠিয়েছিলেন রবি শর্মা নামক এক রহস্যময় ব্যক্তি। তবে সন্দীপও সিনেমার স্বার্থে নাম সরিয়ে নেন।’

অজন্তা আরও জানান, ‘স্বস্তিকার সঙ্গে পরিচালক অরিন্দম আমাদের যোগাযোগ করতে দেননি। শুধু তাই নয়, বিগত এক বছর ধরে আমার থেকে বিভিন্ন অজুহাতে টাকা নিয়েছেন তিনি। এমনকী, প্রযোজনা সংস্থা বন্ধ করে দেওয়ার হুমকিও দিয়েছে। তাই পুলিশের কাছে অভিযোগ দায়ের করা হয়েছে অরিন্দমের নামে।’

অন্যদিকে সংবাদ মাধ্যমকে অরিন্দম জানিয়েছেন, ‘সে রকম কিছুই হয়নি। বৃস্পতিবার বিকালে আমরা দু’পক্ষই থানায় যাব। কোনও সিদ্ধান্ত হলে তার পর এই বিষয়ে কথা বলব।’

এ বিষয়ে ইতিমধ্যেই গলফ গ্রিন থানায় অভিযোগ দায়ের করেছেন অভিনেত্রী। ইম্পাকেও লিখিতভাবে বিষয়টি জানিয়েছেন। এর আগে ইম্পা সভাপতি পিয়া সেনগুপ্ত সংবাদ প্রতিদিন ডিজিটালকে জানিয়েছিলেন, দুই পক্ষের বক্তব্য শুনেই যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। স্বস্তিকা জানিয়েছেন, এই ছবি সংক্রান্ত কোনও প্রচারমূলক কাজে তিনি আর যুক্ত থাকবেন না।

সূত্র: ইত্তেফাক

মুক্তি পাচ্ছে সাকিবের প্রথম শর্ট ফিল্ম

ক্রিকেটের বাইশ গজ থেকে রেস্টুরেন্ট, শেয়ার বাজার বা বিজ্ঞাপনের মডেল, কোন ক্ষেত্রে পা রাখেননি সাকিব আল হাসান? এবার অভিষেক হয়ে গেলো অভিনয় জগতেও। একটি মোবাইল কোম্পানির জন্য তৈরীকৃত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রে অভিনয় করেছেন সাকিব।

আজ বৃহস্পতিবার (১৩ এপ্রিল) মুক্তি পেতে যাচ্ছে, সাকিব অভিনীত প্রথম স্বল্পদৈর্ঘ্য সেই চলচ্চিত্র ‘অমলিন থাকুক প্রতিটি হাসি’। সাকিব নিজেই গতকাল তার সামাজিক যোগাযোগমাধ্যমে ভক্তদের জানিয়েছিলেন খবরটি।

আয়ারল্যান্ড সিরিজ চলাকালীন চট্টগ্রামের সিআরবিতে স্বল্পদৈর্ঘ্য এই চলচ্চিত্রের শুটিং করেছিলেন সাকিব। সাকিব ছাড়া এতে আরও অভিনয় করেছেন প্রান্তর দস্তিদারসহ আরও গুণী অভিনেতা। স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রটির সব কাজ শেষ, এখন শুধু মুক্তির অপেক্ষা। কাঙ্ক্ষিত মুক্তির পরই সাকিব ভক্তরা তাদের নায়ককে দেখতে পাবেন পর্দাতেও।

সূত্র: ইত্তেফাক

শুটিং সেটে বোমা ফেটে আহত সঞ্জয় দত্ত!

শুটিং চলাকালীন আচমকাই বিস্ফোরণ সেটে। কন্নড় ছবি ‘কেডি’-র সেটে বোমা ফেটে গুরুতর আহত বলিউড অভিনেতা সঞ্জয় দত্ত। বেঙ্গালুরুর

আশপাশের অঞ্চলে চলছিল ছবির শুটিং। শুটিং চলাকালীন আচমকাই ফেটে যায় বোমা। বিস্ফোরণে আহত হন সঞ্জু বাবা। খবর, অভিনেতার হাতে, কনুইয়ে ও মুখে চোট লেগেছে। আপাতত বন্ধ রাখা হয়েছে ছবির শুটিং।

‘কেডি’ ছবির মাধ্যমে সর্বভারতীয় স্তরে পা রাখতে চলেছেন সঞ্জয় দত্ত। কন্নড় ছাড়াও তামিল, তেলুগু, মালয়ালম ও হিন্দি ভাষায় মুক্তি পেতে চলেছে এই ছবি। ছবির জন্য একটি অ্যাকশন দৃশ্যের শুটিং করছিলেন অভিনেতা। ফাইট মাস্টার রবি বর্মার উপস্থিতিতেই চলছিল দৃশ্যের শুটিং। শুটিং চলাকালীনই সেটে ফেটে যায় বোমা। বেঙ্গালুরুর কাছে মাগাড়ি রোড এলাকায় বিস্ফোরণ ঘটে বলে খবর। অভিনেতা আহত হওয়ার পর বন্ধ করে দেওয়া হয় ছবির শুটিং।

প্রাথমিক চিকিৎসার পর আপাতত সুস্থ আছেন অভিনেতা। তবে, তিনি পুরোপুরি সুস্থ না হয়ে ওঠা পর্যন্ত শুটিং বন্ধ থাকবে বলেই খবর।

এর আগে দক্ষিণী ছবি ‘কেজিএফ: চ্যাপ্টার ১’ ও ‘কেজিএফ: চ্যাপ্টার ২’-এ কাজ করেছেন সঞ্জয় দত্ত। কন্নড় ছবি ‘কেডি’-তেও খলনায়কের চরিত্রেই দেখা যেতে চলেছে সঞ্জয়কে। ছবিতে মুখ্য চরিত্রে রয়েছেন ‘মার্টিন’ খ্যাত তারকা অভিনেতা ধ্রুব সারজা। প্রায় চার দশক ধরে বলিউডে অ্যাকশন হিরোর ভূমিকায় অভিনয় করেছেন সঞ্জয় দত্ত।

‘লিও’-র মাধ্যমে তামিল ছবির দুনিয়ায় অভিষেক ঘটতে চলেছে তার। কাশ্মীরে ইতিমধ্যেই ছবির অনেকটা অংশের শুটিং করে ফেলেছেন অভিনেতা। শুধু তা-ই নয়, অ্যাটলির ‘জওয়ান’ ছবিতেও শাহরুখের পাশাপাশি অ্যাকশন দৃশ্যে দেখা যেতে চলেছে তাকে। সপ্তাহ খানেক আগেই সেই দৃশ্যের শুটিং শেষ করেছেন সঞ্জু।

সূত্র: ইত্তেফাক

৩০ এপ্রিল হত্যা করা হবে সালমানকে, ফোনে হুমকি!

ফের হত্যার হুমকি দেওয়া হয়েছে বলিউড ভাইজান সালমান খানকে। মার্চ

মাসেই ই-মেইলে এ তারকাকে প্রাণে মেরে ফেলার জন্য হুমকি এসেছিল লরেন্স বিষ্ণোইয়ের গ্যাং থেকে। কিন্তু এবার নিজেকে রকি ভাই দাবি করে সরাসরি মুম্বাই পুলিশের কন্ট্রোল রুমে ফোন করে বলিউড তারকাকে মেরে ফেলার হুমকি দিয়েছেন।

ভারতীয় সংবাদমাধ্যম হিন্দুস্তান টাইমসের প্রতিবেদনে বলা হয়েছে, সালমানকে হত্যার হুমকি দেওয়ার পর চিন্তিত মুম্বাই পুলিশ। তারা অভিনেতাদের নিরাপত্তায় কোনো ঘাটতি রাখছে না।

প্রতিবেদন থেকে জানা যায়, রকি যোধপুরের বাসিন্দা। সে স্বঘোষিত গোরক্ষক। আগামী ৩০ এপ্রিল খুন করা হবে সালমানকে, এমনই হুমকি দিয়েছেন তিনি।

পুলিশ জানিয়েছে, সোমবার পুলিশ কন্ট্রোল রুমে একটি ফোন আসে। তখন ফোন করা ব্যক্তি নিজেকে রাজস্থানের যোধপুরের রকি ভাই পরিচয় দিয়ে সালমান খানকে ৩০ এপ্রিল প্রাণে মেরে ফেলার হুমকি দেয়। এ ঘটনায় তদন্ত চলছে।

এদিকে অনেক আগেই পুলিশ কাছে প্রমাণ এসেছে, লরেন্স বিষ্ণোইয়ের গ্যাং অভিনেতাকে হত্যার পরিকল্পনা করছে। এ কারণে তারকাকে ওয়াই প্লা ক্যাটাগরির সুরক্ষা প্রদান করা হচ্ছে। অন্যদিকে সালমানের ব্যক্তিগত দেহরক্ষীরাও তৎপর হয়েছেন।

প্রসঙ্গত, ১৯৯৮ সালে যোধপুরে সিনেমার শুটিং চলাকালীন দুটি কৃষ্ণসার হরিণ হত্যার অভিযোগ উঠে সালমানের বিরুদ্ধে। তখন থেকেই বিষ্ণোই সম্প্রদায়ের কাঁটা হয়ে আছেন বলি নায়ক। এর আগে একাধিকবার তাকে শার্প শ্যুটার দিয়ে হত্যার জন্য চেষ্টা করেছে লরেন্স বিষ্ণোই। ২০১৮ সালে সে প্রকাশ্যে বলেছিল, যোধপুরে সালমানকে হত্যা করব আমরা।

সূত্র: হিন্দুস্তান টাইমস

‘জ্বীন’ দেখে কীভাবে পাবেন লাখ টাকা, বুধবার প্রক্রিয়া জানাবে জাজ

ঈদে মুক্তি পেতে যাচ্ছে জাজ মাল্টিমিডিয়া প্রযোজিত ‘জ্বীন’ সিনেমাটি। ভৌতিক আবহে তৈরি এ সিনেমাটি এরই মধ্যে নেটিজেনদের মধ্যে উত্তেজনা তৈরি করেছে। ছবিটির পোস্টার দেখে অনেকেই মনে করছেন ভীতিকর কিছু আছে এতে।

আর এ কারণে প্রযোজনা সংস্থা গত শনিবার ঘোষণা দিয়েছে— ‘জ্বীন সিনেমা একা দেখতে পারলেই এক লাখ টাকা পুরস্কার।’

অভিনব এমন ঘোষণাটি শুনে চারদিকে বেশ প্রতিক্রিয়া দেখা দিয়েছে। কেউ কেউ সমালোচনার সুরে এটাকে জাজের প্রচার কৌশল বলেও আখ্যা দেন।

তবে এবার প্রযোজনা সংস্থা জাজ জানাল, এটা মোটেও প্রচার কৌশল নয়। বরং কিছুটা তড়িৎ সিদ্ধান্ত ছিল বলেও স্বীকার করে নেওয়া হয়। তাই এবার লাখ টাকা পুরস্কার কীভাবে জেতা যাবে, তার প্রক্রিয়া জানাবে জাজ। বুধবার (১২ এপ্রিল) সেই প্রক্রিয়া খোলাসা করা হবে।

প্রসঙ্গত, ভৌতিক ধাঁচের ছবি ‘জ্বীন’ পরিচালনা করেছেন নাদের চৌধুরী। এতে প্রথমবারের মতো জুটি বেঁধেছেন ছোটপর্দার জনপ্রিয় অভিনেতা আব্দুন নূর সজল ও চিত্রনায়িকা পূজা চেরি। এ ছাড়া ছবিতে রয়েছে আরেক তারকা জুটি রোশান ও মুন। ছবিটি আসন্ন রোজার ঈদ উপলক্ষ্যে মুক্তি পেতে যাচ্ছে।

সূত্র: যুগান্তর

অ্যাসিডে দগ্ধ নারীদের পাশে শাহরুখ, প্রশংসার জোয়ার

অভিনয় দিয়ে বিশ্বজয় করেছেন বলিউডের অভিনেতা শাহরুখ খান। কিন্তু রূপালি পর্দার বাইরে তথা বাস্তব জীবনেও যে তিনি হিরো সেটা কিন্তু মাঝে মধ্যে খবর উঠে আসে। আবারও দেখা গেলো সেই চিত্র। যা দেখে রীতিমতো বলিউড বাদশাহকে বাহবা দিচ্ছেন নেটিজেনরা।

সম্প্রতি তার দলের ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল) ম্যাচের খেলা দেখার জন্য কলকাতায় এসেছিলেন। এ সময়ে তিনি তার মীর ফাউন্ডেশনের সাথে কাজ করে এমন কয়েকজন অ্যাসিড আক্রমণ থেকে বেঁচে যাওয়া ব্যক্তির সাথে সাক্ষাতের ছবি তুলেছেন এবং সেগুলো তার ফ্যান পেজে শেয়ার করেছেন।

তাদের প্রত্যেকটি নারীর সাথে পোজ দিয়ে ছবি তুলেছেন। এছাড়াও তাদের সাথে অনেকক্ষণ কথা বলে সময় কাটান তিনি, একটি গ্রুপ ছবিও তোলেন।

এক তরুণী শাহরুখের সঙ্গে তোলা ছবি টুইট করে অভিনেতার উদ্দেশে লিখেছেন, “আজ আমার জীবনের সেরা দিন। ছোটবেলা থেকেই তোমার (শাহরুখ) সঙ্গে দেখা করার স্বপ্ন ছিল। এবং হ্যাঁ, আজ অবশেষে তোমার দেখা পেলাম। যেভাবে তুমি আমাকে ‘আই লাভ ইউ টু’ বলেছো এবং জড়িয়ে ধরেছো, আমার জীবন পূর্ণ হয়ে গেলো! তোমার পা ছুঁলাম আজ, তুমি আমার ঈশ্বর।’’

মীর ফাউন্ডেশন হচ্ছে শাহরুখ খানের বাবা মীর তাজ মুহাম্মাদ খানের নামে একটি জনকল্যাণমূলক ফাউন্ডেশন যা নারীর ক্ষমতায়ন নিয়ে কাজ করে। সম্প্রতি ফাউন্ডেশনটি দিল্লি দুর্ঘটনার শিকার অঞ্জলি সিংয়ের পরিবারকে আর্থিক সাহায্য প্রদান করেছে।

মীর ফাউন্ডেশনের পক্ষ থেকে জানানো হয়েছে, ‘শাহরুখ খানের মীর ফাউন্ডেশন অঞ্জলি সিংয়ের পরিবারকে অর্থ দিয়ে সাহায্য প্রদান করেছে। দিল্লির কানঝাওয়ালা্র ভয়াবহ দুর্ঘটনায় প্রাণ হারান ২০ বছর বয়সী অঞ্জলি । পরিবারের একমাত্র উপার্জনকারীর আকস্মিক মৃত্যু ঘটায় মীর ফাউন্ডেশন তার পরিবারকে এই সাহায্য প্রদান করে।’

শাহরুখ খান সম্প্রতি টাইম ম্যাগাজিনের বার্ষিক টাইম ১০০ মধ্যে

তালিকার জরিপে শীর্ষে রয়েছেন। এ জরিপে তিনি ফুটবল তারকা লিওনেল মেসি, প্রিন্স হ্যারি ও মেগান মার্কেল, অস্কার বিজয়ী মিশেল ইয়োহ এবং মেটা সিইও মার্ক জুকারবার্গের মত ব্যক্তিত্বদের পিছনে ফেলেছেন।

আমেরিকার একটি প্রকাশনার অনুসারে, ১.২ মিলিয়ন ভোটের মধ্যে চার শতাংশের বেশি ভোট পেয়েছেন তিনি। এই নির্বাচনের ক্ষেত্রে, ম্যাগাজিনের পাঠকরা বার্ষিক টাইমের সব চেয়ে প্রভাবশালী ব্যক্তিদের তালিকায় স্থান পাওয়ার জন্য যাকে যোগ্য মনে করে এমন ব্যক্তিদেরই ভোট প্রদান করে।

সূত্র: ইত্তেফাক

টাকা হাতিয়ে ‘গায়েব’ শ্রাবন্তী, থানায় জালিয়াতির অভিযোগ

কলকাতার জনপ্রিয় নায়িকা শ্রাবন্তী চ্যাটার্জিকে নিয়ে সমালোচনা নতুন কিছু নয়। প্রতিনিয়ত এই অভিনেত্রীকে নিয়ে বিভিন্ন সমালোচনা চলতেই থাকে। এবার আইনি ঝামেলায় নাম জড়াল তার। জালিয়াতির অভিযোগে শ্রাবন্তীর নামে থানায় অভিযোগ করা হয়েছে।

হিন্দুস্তান টাইমসের এক প্রতিবেদনে বলা হয়েছে, রোশন সিংয়ের সঙ্গে বিয়েবিচ্ছেদের কয়েক মাসের মধ্যেই চব্বিশ পরগনা জেলার মধ্যমগ্রাম শহরের স্টার মলে একটি জিম সেন্টার খুলেছিলেন শ্রাবন্তী।

২০২০ সালের নভেম্বরে ‘দ্য ফিটনেস এম্পায়ার’ নামে ওই জিমটি চালু হয়। সোশ্যাল মিডিয়ায় ফলাও করে প্রচার করেছিলেন শ্রাবন্তী। উদ্বোধনের দিন হাজির ছিলেন নিজে। আনোয়ার, অভিষেক, সৌম্য নামের তিন ব্যক্তির সঙ্গে এই জিম খুলেছিলেন নায়িকা।

শ্রাবন্তীর মতো নায়িকা যুক্ত থাকায় আগ্রহ নিয়ে অনেকেই জিমে

ভর্তি হন। সারা বছরের সাবস্ক্রিপশনের মোটা টাকা জমা দেন অনেকে।

চলতি বছরের শুরুর দিকেও বিজ্ঞাপনের মাধ্যমে অফার দেওয়া হয়েছিল। ১৮০০০ টাকায় সারা বছরের সাবস্ক্রিপশন। এক দফা সাড়ে সাত হাজার টাকা দিয়ে মিলেছিল ভর্তি।

জিমে যোগ দেওয়ার পর পার্সোনাল ট্রেনারের ফি বাবদ আরও চার হাজার টাকা দিতে হয়।

কিন্তু হঠাৎ কাউকে কিছু না জানিয়ে সম্প্রতি বন্ধ হয়ে গেছে জিমটি। কর্তৃপক্ষের সঙ্গে কোনোভাবেই যোগাযোগ করতে না পেরে বিপাকে পড়েন ওই জিমের প্রশিক্ষণার্থীরা। পরে তারা পুলিশের দ্বারস্থ হন। থানায় অভিযোগ দায়ের হয়েছে জিম কর্তৃপক্ষের বিরুদ্ধে।

অভিযোগ প্রসঙ্গে শ্রাবন্তী জানিয়েছেন, যারা নাম নথিভুক্ত করেছেন তারা নিশ্চয়ই সময়মতো সবকিছু পেয়ে যাবেন। নিশ্চয়ই কোনো কারণে জিমটা বন্ধ করা হয়েছে।

নায়িকার ভাষ্য, তিনি কাজ নিয়ে ব্যস্ত থাকায় জিমের দিকে কোনো সময়ই দিতে পারেন না। তবে যারা টাকা দিয়েছেন, তা ফেরত পাবেন বলে আশ্বাস দেন এই অভিনেত্রী।

সূত্র: হিন্দুস্তান টাইমস